

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 16-10-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Durga Puja :

আজ মহাশষ্ঠী। দেবীর বোধন। মহাশষ্ঠীতে বোধন, আমন্ত্রণ ও অধিবাসের মধ্য দিয়েই দেবীকে মর্ত্যে আহ্বান জানানো হয়। পুরাণের কাহিনি অনুসারে, অশুভ শক্তির বিনাশ ও শুভশক্তির জাগরণে আবির্ভূতা হয়েছিলেন দেবী দুর্গা। ঢাক, শঙ্খধ্বনি আর উলুধ্বনিতে মুখরিত হয়ে ওঠে বনেদীবাড়ির পূজো অঙ্গন। যদিও সর্বজনীন পূজোর আয়োজনে আরো ৩ দিন আগে থেকেই মানুষের জোয়ারে ভাসছে পূজোমন্ডপ। শুরু হয়ে গেছে আনন্দ আর উৎসাহে উৎসব উদযাপন।

Puja Greetings :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু দুর্গাপূজা উপলক্ষে রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, দুর্গাপূজা অশুভ শক্তির উপর শুভ শক্তির বিজয়ের প্রতীক। মা দুর্গার আশীর্বাদে শান্তি ও সমৃদ্ধির পথে রাজ্যের অগ্রগতির শুভকামনা জানান রাজ্যপাল।

Food Fest-TRLM :

দুর্গাপূজা উপলক্ষে উমাকান্ত ইংরেজি মাধ্যম বিদ্যালয় প্রাঙ্গণে সাতদিনব্যাপী ফুড ফেস্ট শুরু হয়েছে। গতকাল ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের পশ্চিম জেলা মিশন ম্যানেজমেন্ট ইউনিট ও জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে আয়োজিত এই ফেস্টের উদ্বোধন করেছেন রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য। ফেস্টে স্ব-সহায়ক দলের মহিলাদের ১৭টি ফুড স্টল খোলা

হয়েছে। অনুষ্ঠানে পশ্চিম জেলার ৩১টি ক্লাস্টারকে সংবর্ধনা দেওয়া হয়। ফেস্টে সাংস্কৃতিক অনুষ্ঠান, পুতুল নাচ ও ব্যান্ড শো-র আয়োজন রয়েছে।

IIIT :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল মোহনপুরে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি বা ট্রিপল আইটি আগরতলার স্থায়ী ক্যাম্পাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, এই প্রতিষ্ঠানটি ত্রিপুরা তথা উত্তর-পূর্ব ভারতের গবেষণা, প্রযুক্তি ও উদ্ভাবনের প্রধান কেন্দ্র হয়ে উঠবে এবং ২০৪৭ সালের মধ্যে উন্নত ভারত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। কৃত্রিম বুদ্ধিমত্তা ও সাইবার নিরাপত্তার যুগে শিক্ষার্থীদের কেবল প্রযুক্তি ব্যবহারকারী না হয়ে এর সৃজনকারী হওয়ার আহ্বান জানিয়েছেন রাজ্যপাল।

Municipal Election 2026 :

আগরতলার পুর নিগম সহ রাজ্যের ২১টি পুর সংস্থায় নির্বাচনের জন্য রাজ্য নির্বাচন কমিশন গতকাল চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছে। ২১টি পুরসংস্থায় মোট ভোটার রয়েছেন ৬ লক্ষ ২৯ হাজার ৯০৩ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৩ লক্ষ ৮ হাজার ১১৫ জন, মহিলা ভোটার ৩ লক্ষ ২১ হাজার ৭৮৩ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ৪৫ জন।

আগরতলা পুর নিগমে মোট ভোটার ৩ লক্ষ ৬২ হাজার ৫৮২ জন। এরমধ্যে পুরুষ ভোটার ১ লক্ষ ৭৭ হাজার ৪৭৬ জন, মহিলা ভোটার ১ লক্ষ ৮৫ হাজার ৭০ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ৩৬ জন।

NEET-PG :

নিট-পিজি ২০২৬-এর উত্তরপত্র এবং উত্তর প্রকাশ প্রক্রিয়ায় আরও স্বচ্ছতার জন্য আবেদনের ভিত্তিতে কেন্দ্রীয় সরকার এবং জাতীয় চিকিৎসা কমিশনের কাছে জবাব চেয়েছে সুপ্রিমকোর্ট। বিচারপতি পিএস নরসিংহ এবং অলোক আরাধের বেঞ্চ কর্তৃপক্ষকে নোটিশ জারি করে এই আবেদনকে বিচারাধীন অন্যান্য আবেদনের সঙ্গে যুক্ত করেছে।

NEET-PG 2026 পরীক্ষাটি ৩০শে আগস্ট অনুষ্ঠিত হয়েছিল। জয়পুরের একটি পরীক্ষা কেন্দ্রে প্রযুক্তিগত ত্রুটির কারণে ক্ষতিগ্রস্ত পরীক্ষার্থীদের জন্য ৫ই সেপ্টেম্বর একটি সম্পূরক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল।

MoD-GSAT-7C :

প্রতিরক্ষা মন্ত্রক ভারতীয় বিমান বাহিনীর জন্য বিশেষ যোগাযোগ উপগ্রহ GSAT-7C এবং ভারতীয় নৌবাহিনীর জন্য বরুণাস্র ভারী টর্পেডো অধিগ্রহণের জন্য ৪ হাজার কোটি টাকারও বেশি মূল্যের চুক্তি স্বাক্ষর করেছে। গতকাল নয়াদিল্লিতে প্রতিরক্ষা বিভাগের অতিরিক্ত সচিব এবং মহানির্দেশক এ আনবারাসুর উপস্থিতিতে এই চুক্তিগুলি স্বাক্ষরিত হয়।

মন্ত্রক জানিয়েছে, দেশীয়ভাবে নকশা করা, তৈরি করা এবং উৎপাদিত এই স্যাটেলাইটটি ভারতীয় বিমান বাহিনীর সম্পদগুলোর জন্য নিরাপদ, স্থিতিশীল এবং নিরবচ্ছিন্ন যোগাযোগ ক্ষমতা বৃদ্ধি করবে, যার ফলে অভিযানগত কার্যকারিতা আরও জোরদার হবে।

Caller Name Display :

কেন্দ্রীয় সরকার আগামী মাসের এক তারিখ থেকে টেলিকম ব্যবহারকারীদের জন্য কলারের নাম প্রদর্শন পরিষেবা বাধ্যতামূলক করেছে। টেলিযোগাযোগ বিভাগ সমস্ত টেলিকম পরিষেবা প্রদানকারীকে পয়লা নভেম্বর থেকে সমস্ত পরিষেবা অঞ্চলে কলিং নেম প্রজেক্টেশন পরিষেবা চালু করার নির্দেশ দিয়েছে। এই পরিষেবার অধীনে, গ্রাহকরা টেলিকম পরিষেবা

প্রদানকারীর ডেটাবেসে সংরক্ষিত কলারের নাম এবং কলারের নম্বর প্রাপকের ফোনে প্রদর্শিত হবে। সেভ করা নেই এমন নম্বর থেকে আন্তর্জাতিক কলের ক্ষেত্রে, ডিসপ্লেতে 'আন্তর্জাতিক কল' লেখাটি দেখানো হবে। কোনো পৃথক অনুরোধ ছাড়াই এই পরিষেবাটি সমস্ত ব্যবহারকারীকে প্রদান করা হবে।

TIT-Cyber Security Workshop :

ত্রিপুরা ইনস্টিটিউট অব টেকনোলজির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে গত ১২ ও ১৩ অক্টোবর দু'দিনব্যাপী সাইবার নিরাপত্তা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে সারা দেশ থেকে ৯০ জন প্রতিনিধি অংশ নেন। কর্মশালায় প্রকল্পের অধীনে এই কর্মশালার আয়োজন করা হয়।

Weather :

আজকের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রী সেলসিয়াস।
